যুগান্তর

14 FEB 2017
2 ... 2

ইংরেজি মাধ্যমে পড়াশোনা

# শিক্ষার্থী নয়, ভ্যাট দিতে হবে প্রতিষ্ঠানকে

যুগান্তর রিপোর্ট

ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের কাছ থেকে নয়, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর কাছ থেকে ভ্যাট আদায় করা যাবে বলে রায় দিয়েছেন আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা লিভ টু আপিল (আপিলের অনুমতি চেয়ে আবেদন) মঞ্জুর করে সোমবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগ এ রায় দেন। ডেপুটি অ্যাটর্নি জেনারেল মনিরুজ্জামান জানিয়েছেন, হাইকোর্ট ইংলিশ মিডিয়ামের ওপর ভ্যাট আরোপ অবৈধ ঘোষণা করে রায় দিয়েছিলেন। আমারা ওই রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল করেছিলাম। আপিল বিভাগ লিভ টু আপিল মঞ্জুর করে হাইকোর্টের রায় স্থগিত করেছেন। আদালত বলেছেন, ইংলিশ মিডিয়ামকে ভ্যাট দিতে হবে। তবে ভ্যাট আদায় করতে হবে প্রতিষ্ঠানের কাছ থেকে; শিক্ষার্থীদের কাছ থেকে নয়।

উল্লেখ্য, দেশের ইংরেজি মাধ্যমের ১০২টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বেতনের ওপর ২০১২ সালে সাড়ে ৪ শতাংশ ভ্যাট আরোপ করা হয়। এরপর বাজেটে তা বাড়িয়ে সাড়ে ৭ শতাংশ করা হয়, এর আওতায় আনা হয় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো। এ নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা আন্দোলনে নামলে তাদের ক্ষেত্রে ভ্যাট আরোপের সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়। ভ্যাট বাতিলের দাবিতে ঢাকার বিভিন্ন স্থানে মানববন্ধন করেন ইংরেজি মাধ্যমের স্কুলগুলোর শিক্ষার্থীদের অভিভাবকরা। এ অবস্থায় গত বছর সেপ্টেম্বরে সানিডেইল ও সান বিম স্কুলের দুই শিক্ষার্থীর অভিভাবক হাইকোর্টে একটি রিট আবেদন করেন। এর প্রাথমিক শুনানি নিয়ে ওই বছরের ১৭ সেপ্টেম্বর হাইকোর্টের একটি বেঞ্চ রুল দেয়া এবং [illegible], ভ্যাট আরোপে স্থগিতাদেশ দেন। রুলের ওপর চূড়ান্ত শুনানি শেষে গত ১২ [illegible] হাইকোর্ট রায় দেন।